গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
উল্লাপাড়া, সিরাজগঞ্জ
www.acl.ullapara.gov.bd

স্মারক নং-৩১.৫০.৮৮৯৪.০০৫.০৩.০০১.২৩- ৪৭০ তারিখ- ৩০ / ০৩/২০২৩ খ্রি.

# সরকারি পুকুর/জলমহাল ইজারা বিজ্ঞপ্তি (২য় পর্যায়)

এতদ্বারা উল্লাপাড়া উপজেলাধীন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি সমূহের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ (সংশোধনীসহ) অনুযায়ী সিরাজগঞ্জ জেলার উল্লাপাড়া উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত সরকারী খাস বদ্ধ জলমহালসমূহ শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ সনের ০১ বৈশাখ হতে ১৪৩২ সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে এবং ভূমি মন্ত্রণালয়ের (সায়রাত-১ অধিশাখা) এর ১৪ মার্চ ২০২৩ খ্রিঃ তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯ (অংশ)-২).২৭৪ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী অনলাইন প্রক্রিয়ায় অ-ইজারাকৃত জলমহাল সমূহ পৃথকভাবে সীলমোহরকৃত খামে ম্যানুয়ালি দরপত্র/আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিকট হতে কোন মৎস্যজীবী সমবায় সমিতি বা বিধি মোতাবেক সমাজ ভিত্তিক মৎস্যজীবী ব্যবস্থাপনা অনুকরণে, কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুব (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান (গ) যুব মহিলা (ঘ) দরিদ্র ও অসচ্ছল ব্যক্তিগনের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত (ঙ) প্রতিবন্ধী ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতির নিকট থেকে ম্যানুয়াল পদ্ধতিতে আবেদনপত্র আহবান করা যাচ্ছে। ম্যানুয়াল পদ্ধতিতে দাখিলকৃত আবেদনের কপি সাধারন আবেদন ফরমের সাথে ও জামানতের মূলকপি/সিডি/বিডি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ও উপজেলা ভূমি অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এ দাখিল করার জন্য বলা হলো।

প্রয়োজনীয় শর্তাবলীসহ আবেদনপত্র অফিস চলাকালে দরপত্র দাখিলের পূর্ব দিন পর্যন্ত উপজেলা ভূমি অফিস, উল্লাপাড়া এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,উল্লাপাড়া, সিরাজগঞ্জ হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যে (অফেরৎযোগ্য) আবেদন ফরম সংগ্রহ করা যাবে। আবেদনপত্রের সাথে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া, সিরাজগঞ্জের অনুকূলে সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসাবে সংযুক্ত করে আবেদনপত্রসমূহ নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী একার্যালয় এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উল্লাপাড়া, সিরাজগঞ্জে টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। আবেদনপত্রসমূহ দাখিলের পরের দিন অফিস চলাকালে বেলা ২.৩০ মিনিটে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

ক্যালেন্ডার

| আবেদনপত্র বিক্রয় শুরুর তারিখ | আবেদনপত্র বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | |
|---|---|---|---|
| | তারিখ | তারিখ | দরপত্র দাখিলের সময় |
| ০২/০৪/২০২৩ | ০৬/০৪/২০২৩ | ০৯/০৪/২০২৩ হতে ১০/০৪/২০২৩ পর্যন্ত | ধার্য তারিখের শেষ দিন দুপুর ১.৩০ টা পর্যন্ত |

ক্যালেন্ডারের যে কোন পর্যায়ে কোন জলমহালের জন্য দাখিলকৃত আবেদন অনুমোদিত হলে পরবর্তী পর্যায়ে ঐ জলমহালের নাম তালিকা হতে বাদ হয়েছে বলে গন্য হবে। ইজারাযোগ্য জলমহালের তালিকা, তথ্যাদিসহ শর্তসমূহ নিম্নস্বাক্ষরকারীর/ওয়েবসাইট ও উপজেলা ভূমি অফিস, উল্লাপাড়া, সিরাজগঞ্জ হতে পাওয়া যাবে। কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলের অধিকার উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি সংরক্ষণ করে।

সংযুক্ত: শর্তসহ ২০ একর পর্যন্ত বদ্ধ জলমহালের তালিকা।

30/03/23
(মোঃ উজ্জল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

স্মারক নং-৩১.৪৩.৮৮৯৪.০০৫.০৩.০০১.২৩- ৪৭০/১ (৪৪) তারিখ ঃ ৩০ /০৩/২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো:
১। মাননীয় জাতীয় সংসদ সদস্য ৬৫ সিরাজগঞ্জ-৪
২। জেলা প্রশাসক,সিরাজগঞ্জ
৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব),সিরাজগঞ্জ
৪। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,উল্লাপাড়া, সিরাজগঞ্জ
অনুলিপি সদয় অবগতি/ নোটিশ বোর্ডে টানানোসহ ব্যাপক প্রচারের জন্য:
১। উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া,সিরাজগঞ্জ
২-৩। অফিসার ইনচার্জ, উল্লাপাড়া/ সলঙ্গা থানা, সিরাজগঞ্জ
৪। সাব- রেজিষ্টার, উল্লাপাড়া, সিরাজগঞ্জ
৫-১০। উপজেলা কৃষি/সমবায়/মৎস্য/সমাজসেবা/যুব উন্নয়ন/মহিলা বিষয়ক কর্মকর্তা, উল্লাপাড়া,সিরাজগঞ্জ
১১-২৫। চেয়ারম্যান,.............................................(সকল) উল্লাপাড়া ইউপি , সিরাজগঞ্জ
(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধসহ।)
২৬-৩০। জনাব ..........................................................................., উল্লাপাড়া,সিরাজগঞ্জ
৩১-৪৩। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা....................................................... (সকল) উল্লাপাড়া, সিরাজগঞ্জ
৪৪। সম্পাদক, দৈনিক যুগের কথা পত্রিকা (তার পত্রিকায় বিজ্ঞপ্তিটি শুধুমাত্র ০১ (এক) দিনের জন্য প্রকাশের অনুরোধসহ)

৩০/০৩/২৩
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
উল্লাপাড়া, সিরাজগঞ্জ

CamScanner

২০ একর পর্যন্ত ইজারাযোগ্য সরকারি পুকুর/ জলমহাল এর তালিকা (ম্যানুয়াল পদ্ধতি ২য় পর্যায়)

| ক্রমিক নং | পুকুরের স্থানীয় নাম | মৌজার নাম | (আরএস) | | পরিমাণ (একরে) | শ্রেণী | সরকারী মূল্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | খতিয়া নং | দাগ নং | | | |
| ১ | গাড়ীঘাট | গারেশ্বর | ১ | ২৯২ | ০.৮০ | পুকুর | ৪৭,২২৫/- |
| ২ | গারেশ্বর পুকুর | গারেশ্বর | ১ | ২৫৯৯ | ১.২৫ | পুকুর | ৭,৩৫০/- |
| ৩ | তেলিগাড়ী পুকুর | গারেশ্বর | ১ | ৫৭৭ | ০.৯৮ | পুকুর | ৪৯,২৩০/- |
| ৪ | গজাইল পুকুর-২ | গজাইল | ১ | ১১৬৬ | ০.৬৫ | পুকুর | ৫,২৩৫/- |
| ৫ | গজাইল পুকুর-৩ | গজাইল | ১ | ৩০২ | ০.৩৫ | পুকুর | ৩,১১০/- |
| ৬ | কমলমরিচ পুকুর | কমলমরিচ | ১ | ৮১৬ | ১.০৯ | পুকুর | ৩৫,৫৮৫/- |
| ৭ | উধুনিয়া পুকুর -২ | উধুনিয়া | ১ | ৫০২ | ০.৪৭ | পুকুর | ২,৯৪০/- |
| ৮ | সিমলাগাড়ী পুকুর -১ | বেলাই | ১ | ৪৪ | ০.৫৩ | পুকুর | ২,১০০/- |
| ৯ | সিমলাগাড়ী পুকুর -২ | বেলাই | ১ | ৯৩ | ০.৭৩ | পুকুর | ২,৯৪০/- |
| ১০ | আইন্দা পুকুর -২ | বেলাই | ১ | ১৩৯ | ০.৮১ | পুকুর | ৩,১৫০/- |
| ১১ | নলপুকুর | বেলাই | ১ | ১৬৭ | ০.৬৯ | পুকুর | ২,৭৩০/- |
| ১২ | বেলাই পুকুর -১ | বেলাই | ১ | ৬৮ | ০.৩৩ | পুকুর | ১,০৫০/- |
| ১৩ | বেলাই পুকুর -২ | বেলাই | ১ | ২৫৮ | ০.৩৫ | পুকুর | ১,০৫০/- |
| ১৪ | আগদিঘলগ্রাম পুকুর-১ | আগদিঘলগ্রাম | ১ | ৯৮০ | ১.১২ | পুকুর | ৭,৩৫০/- |
| ১৫ | আগদিঘলগ্রাম পুকুর-২ | আগদিঘলগ্রাম | ১ | ৭৩০ | ০.২৩ | পুকুর | ৮৪০/- |
| ১৬ | চাদাগাড়িয়া পুকুর | পংখারুয়া | ১ | ৬৬৭ | ০.৩২ | পুকুর | ১,০৫০/- |
| ১৭ | চড়কাদহ পুকুর | প্রতাপ | ১ | ৩৭৯ | ১.১৩ | পুকুর | ৬,৮২৫/- |
| ১৮ | মায়ের পুকুর | প্রতাপ | ১ | ৪৩৭ | ০.৫৩ | পুকুর | ২,১০০/- |
| ১৯ | আওলাগাড়া পুকুর | প্রতাপ | ১ | ৮৪২ | ০.৫৪ | পুকুর | ২,১০০/- |
| ২০ | প্রতাপ পুকুর -১ | প্রতাপ | ১ | ২৪৫১ | ১.০৫ | পুকুর | ৬,০৯০/- |
| ২১ | বুধার পুকুর | প্রতাপ | ১ | ৭৮৯ | ০.৬৬ | পুকুর | ২,৬২৫/- |
| ২২ | বাইগার পুকুর | ধরইল | ১ | ৪৯১ | ০.৩৫ | পুকুর | ১,০৫০/- |
| ২৩ | ঘেলার পুকুর | ঘোনা | ১ | ৬৯৯ | ০.৩৮ | পুকুর | ৬,০২০/- |
| ২৪ | লোয়ারবাড়ী পুকুর | ঘোনা | ১ | ৩৬২ | ০.৯২ | পুকুর | ৩,৪৬৫/- |
| ২৫ | মজুদতলা পুকুর | চেংটিয়া | ১ | ১০২৮ | ০.৩৯ | পুকুর | ১,০৫০/- |
| ২৬ | আইন্দা পুকুর-৩ | কৈগাঁতী | ১ | ৩২৮ | ০.৭০ | পুকুর | ২,৬২৫/- |
| ২৭ | আইন্দা পুকুর-৫ | দক্ষিণ গাইলজানী | ১ | ১১৩ | ০.৯৭ | পুকুর | ১,৪০,৭১৫/- |
| ২৮ | মতির পুকুর | দক্ষিণগাইলজানী | ১ | ৬৬৭ | ১.০০ | পুকুর | ১,৩০,১৩০/- |
| ২৯ | লোয়ারবাড়ী পুকুর | দক্ষিণ গাইলজানী | ১ | ৫০ | ০.৩৮ | পুকুর | ৪,৮৩০/- |
| ৩০ | জগতের পুকুর | বাঙ্গালা | ১ | ৯৫৬ | ০.৭১ | পুকুর | ৫,৮৩৫/- |
| ৩১ | আলীগাঁ পুকুর | আলীগাঁ | ১ | ১২৬৬ | ১.১৯ | পুকুর | ১৩,৬৫০/- |
| ৩২ | চকপাঙ্গাসী পুকুর -২ | চকপাঙ্গাসী | ১ | ৭৬১ | ২.০৫ | পুকুর | ১৪,৩৮৫/- |
| ৩৩ | চকপাঙ্গাসী পুকুর -১ | চকপাঙ্গাসী | ১ | ১৬৫ | ০.৪৬ | পুকুর | ১,৫৭৫/- |
| ৩৪ | চকখাদুলী পুকুর | চকখাদুলী | ১ | ৫৪৫ | ০.৬০ | পুকুর | ৩,১৫০/- |
| ৩৫ | দক্ষিণ বেতুয়া পুকুর | দক্ষিণ বেতুয়া | ১ | ৪০০ | ০.৪৩ | পুকুর | ২,১০০/- |

CamScanner

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ৩৬ | হাইতারগাড়া পুকুর | শাহারিয়ারপুর | ১ | ১০৯, ১১০ | ০.৬০ | পুকুর | ২,২০৫/- |
| ৩৭ | ছোট পুকুর -২ | শাহারিয়ারপুর | ১ | ১০৭৯ | ০.৭৬ | পুকুর | ২,৮৩৫/- |
| ৩৮ | রইচা পুকুর -১ | শাহারিয়ারপুর | ১ | ১১৩৯ | ০.৫৩ | পুকুর | ১,৯৯৫/- |
| ৩৯ | চকি পুকুর | বনবাড়িয়া | ১ | ১৪৩২ | ০.৭৩ | পুকুর | ২,৮৩৫/- |
| ৪০ | জোর পুকুর | বনবাড়িয়া | ১ | ৯১৪ | ০.৮৫ | পুকুর | ৩,১৫০/- |
| ৪১ | রইচা পুকুর -২ | জগজীবনপুর | ১ | ১১৬৮ | ০.৮২ | পুকুর | ৩,০১৫/- |
| ৪২ | বেনুরা পুকুর | সলঙ্গা | ১ | ১৯০৯ | ০.৪৭ | পুকুর | ১,২৬০/- |
| ৪৩ | বালিয়া দিঘী | মামুদপুর | ১ | ৬৭৯ | ০.৯৩ | পুকুর | ২০,৪৭৫/- |
| ৪৪ | গাড়া পুকুর | রৌহাদহ | ১ | ৬১৪ | ০.৭২ | পুকুর | ৩,৯৯০/- |
| ৪৫ | গোরস্থান পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ২৮৪ | ০.৫৮ | পুকুর | ২,৮৯০/- |
| ৪৬ | শানবান্দা পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ২৬৪ | ০.৬৮ | পুকুর | ২,৬২৫/- |
| ৪৭ | আফজালের বাড়ী পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ২৭৮ | ০.৪৪ | পুকুর | ১,৬৬০/- |
| ৪৮ | আলীবাড়ী আইন্দা পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ৬৮০ | ০.৩৬ | পুকুর | ১,০০০/- |
| ৪৯ | ছওয়ালমারী পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ৮৩৪ | ০.৬৪ | পুকুর | ১৬,২৭৫/- |
| ৫০ | গাজীয়ার পুকুর | কালাসিংবাড়ী | ১ | ৪২৭ | ০.৮১ | পুকুর | ৫৪,৯৬৫/- |
| ৫১ | কমল মরিচ পুকুর -৭ | কমলমরিচ | ১ | ৩৯৪৫ | ০.৯২০০ | পুকুর | ৩,৮৬৫/- |
| ৫২ | কমল মরিচ পুকুর-৫ | কমলমরিচ | ১ | ৬৪৫ | ০.৪৯০০ | পুকুর | ৬৬৫/- |
| ৫৩ | গজাইল পুকুর -৬ | গজাইল | ১ | ১৬১২ | ০.২১০০ | পুকুর | ১,৩৯০/- |
| ৫৪ | গজাইল পুকুর-৫ | গজাইল | ১ | ১৬১৭ | ০.৪৪০০ | পুকুর | ৯৪৫/- |
| ৫৫ | গজাইল পুকুর-৪ | গজাইল | ১ | ১৬৩৭ | ০.৩০০০ | পুকুর | ১,৪২০/- |
| ৫৬ | ছোট আইন্দা পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ৮৪/১৪৫ | ০.৪৫০০ | পুকুর | ১,৫১৫/- |
| ৫৭ | পাচিয়ার পুকুর | পশ্চিমরামকৃষ্ণপুর | ১ | ৫৮০/৬৫৩ | ০.৪৮০০ | পুকুর | ২,০০০/- |

১০/০৬/২৬

CamScanner

## শর্তসমূহ ঃ

০১। নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি ক্যালেন্ডার অনুযায়ী আবেদন দাখিলের নির্ধারিত তারিখ ও সময় পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় এবং সহকারী কমিশনার (ভূমি) উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর অফিস হতে অফেরৎযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে আবেদন সংগ্রহ করা যাবে।

০২। ক্যালেন্ডার অনুযায়ী সংশ্লিষ্ট তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসার, উল্লাপাড়া এবং নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে আবেদনপত্র জমা দেয়া যাবে।

০৩। উপজেলা সমবায়/সমাজসেবা অফিসার কর্তৃক সমিতি কার্যকর রয়েছে মর্মে প্রত্যয়ন পত্র আবেদনের সাথে প্রদান করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৪। সমিতির বিগত দুই বছরের অডিট রিপোর্ট আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। (নতুন নিবন্ধনকৃত সমিতির ক্ষেত্রে প্রযোজ্য নহে)।

০৫। আবেদন ফরম সংগ্রহের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির রেজিষ্ট্রেশন/তালিকাভূক্তির মূল সনদপত্র আনতে হবে। অন্যথায় আবেদন ফরম প্রদান করা যাবে না।

০৬। জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতিগুলো প্রয়োজনীয়তা যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে।

০৭। কোন নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত বেকার যুবক, মুক্তিযোদ্ধা /মুক্তিযোদ্ধার সন্তান, যুব মহিলা, দরিদ্র ও অসচ্ছল ব্যক্তির সমম্বয়ে গঠিত ও স্থানীয় সমবায় অফিস কিংবা সমাজসেবা অফিস হতে নিবন্ধিত একক সমিতিকে জলমহাল/পুকুর তিন বছর মেয়াদে ইজারা প্রদান করা যাবে।

০৮। আবেদন ফরমের সাথে ইজারা মূল্যের ২০% তপসীলি ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কমিটির আহবায়ক উপজেলা নির্বাহী অফিসার উল্লাপাড়ার অনুকূলে জামানত হিসেবে প্রদান করতে হবে।

০৯। ইজারা বিজ্ঞপ্তি যে সময়েই জারী হোক না কেন কর্যকর হবে সরকারী জলমহাল নীতিমালার আলোকে বাংলা ১৪৩০ সন হতে বাংলা ১৪৩২ সন পর্যন্ত (প্রতি বছর ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) জলাশয় ইজারা প্রদান করা হবে এবং ইজারা প্রতি বছর সরকারী রাজস্ব ও অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে নবায়নযোগ্য।

১০। ইজারা প্রাপ্ত মৎস্যজীবী সমবায় সমিতিকে প্রথম বৎসরের সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত গ্রহণের ০৭ (সাত) দিনের মধ্যে সরকারের জলমহাল ও পুকুর ইজারা ০১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তসহ দরপত্র বাতিল করা হবে।

১১। ইজারা প্রাপ্ত সমবায় সমিতিকে ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা প্রদান করতে হবে।

১২। আবেদনপত্রের মাধ্যমে ইজারাকৃত জলমহাল কোন অবস্থাতেই সাবলীজ প্রদান করা যাবে না। যদি সাব লীজ দেয়া হয় তাহলে উক্ত জল মহালের ইজারা বাতিল করা হবে। জামানতসহ জমাকৃত ইজারামূল্য বাতিল করা হবে। এছাড়া ইজারা গ্রহীতা মৎস্যজীবী সমবায় সমিতি কোন জলমহালের নবায়ন মূল্য পরিশোধে ব্যর্থ হলে পরবর্তী ০৩ (তিন) বছর কোন জলমহাল ইজারা সংক্রান্ত আবেদন করতে পারবে না।

১৩। তথ্য গোপন করে অথবা ভুল তথ্য প্রদান করে জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হলে জামানতের অর্থসহ জমাকৃত ইজারা মূল্য সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

১৪। কোন প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রাপ্ত হবে না।

১৫। খামের উপর জলাশয়ের নাম, মৎস্যজীবী/মৎস্যজীবী সমিতি বা সংগঠনের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। আবেদনপত্রের উপর ঘষামাজা বা উপরিলিখন গ্রহণ যোগ্য নয়।

১৬। মৎস্য চাষ বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্ত নিবন্ধনকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনের ক্ষেত্রে প্রয়োজনীয় সত্যায়িত কাগজপত্রাদি অবশ্যই আবেদনপত্রের সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে।

১৭। ইজারা গ্রহীতা জলাশয়ের অবস্থানের সীমানা পরিবর্তন বা জলমহাল সংলগ্ন পুকুরের পাড় কাটা এবং পাড়ে বৃক্ষাদি কাটাসহ কোন ক্ষতিকারক কাজ করতে পারে না। এরুপ কাজে লিপ্ত হলে জলমহাল ইজারা বাতিল করা হবে। এতে কারও কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৮। আবেদনের সহিত সমিতির ব্যাংক একাউন্ট এর প্রত্যয়ন এবং ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট দাখিল করতে হবে।

১৯। কারিগরি প্রযুক্তি মোতাবেক মৎস্য চাষের ব্যবস্থা করতে হবে।

২০। প্রকৃত মৎস্যজীবী বা মৎস্যজীবী সংগঠন বলতে সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০১৩ (সংশোধিত ২০১২) কর্তৃক প্রদত্ত সংজ্ঞায় যা বলা হয়েছে, তা বুঝাবে। অর্থাৎ মৎস্যজীবী নির্ধারণে "জাল যার জলা তার" এই নীতির বাস্তবায়ন করা হবে।

২১। সর্বোচ্চ দরদাতার আবেদনপত্র গ্রহণ/অনুমোদন করতে কর্তৃপক্ষ বাধ্য নহে। কোন কারণ দর্শানো ব্যতিরেকেই কোন আবেদনপত্র এই ইজারা বিজ্ঞপ্তি গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১০/০৩/২৩

সহকারী কমিশনার (ভূমি)
উল্লাপাড়া, সিরাজগঞ্জ
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি

CamScanner